# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা,নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Block-F, Level-5, Pani Bhaban,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৯১ তারিখঃ ১৫/১২/২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

"ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলায় উত্তর ময়মনসিংহ গভীর নলকূপ প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় পাগলপাড়া গভীর নলকূপের ৩০ অশ্বশক্তি (HP) ক্ষমতাসম্পন্ন সাবমারসিবল পাম্প প্রতিস্থাপনের লক্ষ্যে কারিগরি পরামর্শ ও সহায়তা প্রদানের জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের Technical Specialist দের সমন্বয়ে বর্ণিত কার্যপরিধি (ToR) অনুযায়ী যথাযথ যাচাই-বাছাই ও পরিদর্শনের নিমিত্ত কারিগরি/সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রধান প্রকৌশলী পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোহাম্মদ আব্বাছ আলী, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), ডিজাইন সার্কেল-৩ (যান্ত্রিক), বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব কে, এম, জাকির হোসেন, উপ-প্রধান (মৃত্তিকা), পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৬। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহ পওর বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলায় প্রায় ৫০ হেক্টর আয়তনের সেচ প্রকল্পটির সেচ সুবিধা প্রদান কার্যক্রম সচল রাখার স্বার্থে উত্তর ময়মনসিংহ গভীর নলকূপ প্রকল্পের আওতায় পাগলপাড়া গভীর নলকূপে স্থাপিত ৩০ অশ্বশক্তি (HP) ক্ষমতাসম্পন্ন সাবমারসিবল পাম্প প্রতিস্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

খ) উত্তর ময়মনসিংহ গভীর নলকূপ প্রকল্পের আওতায় পাগলপাড়া গভীর নলকূপে স্থাপিত পাম্প হতে পর্যাপ্ত সেচ সুবিধা পাওয়ার জন্য বিদ্যমান ৩০ অশ্বশক্তি (HP) ক্ষমতাসম্পন্ন সাবমারসিবল পাম্পটি প্রতিস্থাপন করতঃ অধিক ক্ষমতাসম্পন্ন পাম্প ব্যবহার করা যৌক্তিক হবে কিনা তা নিরুপনের জন্য মতামত/ সুপারিশ প্রদান;

গ) অধিক ক্ষমতাসম্পন্ন সাবমারসিবল পাম্প সিলেকশন ও পাম্প ইন্সটলেশনের ব্যাপারে সংশ্লিষ্ট দপ্তরকে কারিগরি পরামর্শ ও সহায়তা প্রদান;

ঘ) সাবমারসিবল পাম্প প্রতিস্থাপন, পাম্পের মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল সিস্টেমের মেরামত এবং গভীর নলকূপের মাধ্যমে নির্বিঘ্নে সেচ কার্যক্রম পরিচালনা ও পাম্পের স্থায়িত্বকাল বৃদ্ধি করার ব্যাপারে কারিগরি পরামর্শ/সহায়তা প্রদান;

ঙ) সাবমারসিবল পাম্প প্রতিস্থাপনের সম্ভাব্য ব্যয় নিরূপণ;

চ) কমিটি সরেজমিনে বর্তমান ও ভবিষ্যৎ সেচ/নিষ্কাশন চাহিদার আলোকে বর্তমান উপযোগিতা ও কার্যকারিতা নিরূপণ করে কারিগরি সম্ভাব্যতা যাচাই করতঃ সাবমারসিবল পাম্প এবং তৎসংশ্লিষ্ট যান্ত্রিক/বৈদ্যুতিক যন্ত্রাংশসমূহ প্রতিস্থাপন/পুনর্বাসন/ পিরিয়ডিক মেরামত ও রক্ষাণাবেক্ষণের বিষয়টি বিবেচনাপূর্বক প্রয়োজনীয় সুপারিশমালাসহ প্রতিবেদন দাখিল করবেন।

২। কমিটি প্রকল্প এলাকার সর্বশেষ তথ্য/উপাত্ত সংগ্রহ ও বাস্তব অবস্থা মূল্যায়ন করতঃ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের Soft Copy অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের ই-মেইল adgpl.bwdb@gmail.com ঠিকানায় প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৫/১২/২০২২

(মোঃ আঃ মজিদ)
পরিচালক (চলতি দায়িত্ব)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।
আইডি নং-৬৬০৬০৬০০১
ফোন: ০২২২২২৩০০৪২

E:\ADG (Planning)\Forwarding, Notesheet & Office Order_2022\Committee_Office Order_2022.docx

বিতরণ (জ্ঞাতার্থে ও কাযার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রধান প্রকৌশলী পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোহাম্মদ আব্বাছ আলী, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), ডিজাইন সার্কেল-৩ (যান্ত্রিক), বাপাউবো, ঢাকা।
৪। জনাব কে, এম, জাকির হোসেন, উপ-প্রধান (মৃত্তিকা), পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহ পওর বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ।
৬। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৭। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১-২। প্রধান প্রকৌশলী, পরিকল্পনা/ নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৪-৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ পওর সার্কেল/ পরিকল্পনা পরিদপ্তর-২/ ডিজাইন সার্কেল-৩ (যান্ত্রিক), বাপাউবো, ময়মনসিংহ/ ঢাকা।
৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১০। অফিস কপি।